

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৪৬. কষ্টের মাধ্যমে পাপ ক্ষমা হয়

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- "দুশ্চিন্তা, উদ্বিপ্নতা, বেদনা, ক্লান্তি, অসুস্থতা এমনকি কাটা ফোটার দ্বারাও মু'মিন ব্যক্তির কিছু গুনাহ আল্লাহ মাফ করে দেন।"

এ পুরস্কার শুধু তার জন্যই যে ধৈর্য ধরে, যে তার পুরস্কার শুধু আল্লাহর কাছেই চায়, যে আল্লাহর নিকট অনুতপ্ত হয় এবং যে একথা বুঝে যে তার সকল কাজ একমাত্র পরম করুণাময় আল্লাহর সাথেই সম্পৃক্ত। বিখ্যাত আরব কবি মুতানাব্বি লিখেছেন-

"যতক্ষণ দেহে আত্মা থাকবে ততক্ষণ কালের আবর্তনে যা ঘটবে তা বিরাগ ভাজন হয়েই গ্রহণ করিও। যা নিয়ে তুমি খুশি থাক তা ক্ষণস্থায়ী। আর দুঃখ বা বিষণ্ণতা তোমার হারানো প্রিয়জনকে ফিরিয়ে এনে দিবে না।" "যা তোমরা হারিয়েছ তা নিয়ে যাতে তোমরা দুঃখ না কর এবং যা তোমরা পেয়েছ তা নিয়ে তোমরা যাতে আনন্দ-ফুর্তি না কর।" (৫৭-সুরা আল হাদীদঃ আয়াত-২৩)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7655

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন